

ENGLISH

বাংলা



ঝড়

WE ARE NEW YORK

ম্যাগাজিন



আমাদের গল্পগুলোর মাধ্যমে টিভিতে ইংরেজি শিখুন



WE ARE NEW YORK

একটি টিভি অনুষ্ঠান

www.nyc.gov/LearnEnglish

কৃতজ্ঞতাস্বীকার

“বড়” ম্যাগাজিন: রচনা করেছেন David Hellman. ডিজাইন করেছেন Renée Skuba. অনুবাদ করেছে Eriksen Translations Inc.

We Are New York TV (“বড়” পর্ব): এনওয়াইসি অফিস অব ইমিগ্রেশন ম্যানেজমেন্টের জন্য তৈরি করেছেন Leslee Oppenheim, Todd Broder, David Hellman ও JD Davison. নির্দেশনা দিয়েছেন Todd Broder. রচনা করেছেন David Hellman ও Sandra Sollod Poster.

বিশেষ ধন্যবাদ জ্ঞাপন: Christina Farrell, Herman Schaffer, Emily Accamando, Iskra Gencheva and Joe Pupello of the NYC Office of Emergency Management; Fatima Shama, Mónica Tavares, Maria Cruz Lee and Rosmarin Belliard of the Mayor’s Office of Immigrant Affairs; John Mogulescu, Suri Duitch, Melda Akansel, Sultan Chowdhury, Hillary Gardner, Jingyun Jiang, Abdelhamid Kherief, Jay Klokker, Angela Loguercio, Ramon Tercero and Kim Wang of The City University of New York; Anthony Tassi of Literacy Partners Inc.



Office of Emergency
Management

Mayor’s Office of
Immigrant Affairs



ভেতরে যা আছে

গল্প: বাড়

পৃষ্ঠা ২ - ৯

আমরা কারা

পৃষ্ঠা ১০ - ১১

আমরা কিভাবে এটা করলাম

পৃষ্ঠা ১২ - ১৩

আপনি কী করতে পারেন

পৃষ্ঠা ১৪ - ১৫

আপনি কী বলতে পারেন

পৃষ্ঠা ১৬

সহায়ক শব্দাবলী

পৃষ্ঠা ১৭

গল্প ঝড়



আকু

আজ নিউ ইয়র্ক সিটিতে গ্রীষ্মকালের একটি গরম দিন। আকু বিচে যাচ্ছে। তারপর সে পিকনিক করার জন্য পার্কে তার মা-বাবার সাথে দেখা করবে। সব পরিকল্পনা তৈরি করা হয়ে গেছে। রোদে মজা করা, ভালো খাবার খাওয়া ও বন্ধুদের সাথে দিনটি কাটানোর জন্য সবাই তৈরি। কিন্তু পরবর্তীতে যা ঘটেছে তার জন্য কেউই পরিকল্পনা করেনি।

আকু যাওয়ার ঠিক পরেই টিভিতে ঝড় সম্পর্কে একটা সতর্কবার্তা এলো: বন্যা সম্পর্কে সতর্কবাণী... বিপজ্জনক আবহাওয়া... ঘূর্ণিঝড় হতে পারে...

এটা ভয়ঙ্কর শোনাচ্ছে! কোজো ও তার বন্ধু আলবার্তো আকুকে খুঁজতে যাচ্ছে। এফি তার বন্ধু ইসাবেলের সাথে বাড়িতে অপেক্ষা করছে, যদি আকু ফিরে আসে। সেল ফোন সার্ভিস বন্ধ হয়ে গেছে। বিদ্যুৎও বন্ধ হয়ে গেছে। প্রতিবেশী মিসেস. চেন এসেছেন এবং মহিলারা জরুরি পরিস্থিতি মোকাবেলা করার পরিকল্পনা সম্পর্কে কথা বলছেন। মিসেস. চেন ও ইসাবেল এফিকে সাহায্য দিচ্ছেন। অবশেষে, কোজো ও আলবার্তো ফিরে এসেছে, কিন্তু আকুকে ছাড়া...

সে কোথায়? সে কি নিরাপদে আছে নাকি বিপদের মধ্যে আছে?
এই পরিবারটি এখন কী করতে পারে? জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতি
নিতে আপনি কী করতে পারেন?



ঐ মেঘগুলোর দিকে দেখ।
ওগুলো খুবই ভয়ঙ্কর দেখাচ্ছে।
আমি আকুকে খুঁজতে বিচে যাচ্ছি।
সে তার সেল ফোন বাড়িতে
রেখে গেছে।



আমিও যাচ্ছি।



কিন্তু বড় আসছে যে? সর্কর্তবার্তায়
ঘরের ভেতরে থাকার জন্য বলেছে।

3

4

5




এফি, তুমি বরং এখানে থাকো যদি সে
ফিরে আসে।

6

আমার মেয়ে বিচে আছে।
বড় বড় চেটে... বজ্রপাত...
বিশাল ঝড় আসছে!


যতটা ধারণা করা হয়েছিল ঝড় তারচেয়েও খারাপ।
এফি ও ইসাবেল অপেক্ষা করছে।
তারা অত্যন্ত উদ্ভিগ্ন।



ফোন বাজছে, কিন্তু লাইন কেটে গেছে!



কোনো আলো নেই...



বিদ্যুৎ চলে গেছে!



দরজায় কড়া নাড়ার শব্দ।
প্রতিবেশী মিসেস. চেন এসেছেন।



এই ভবনের যাদেরকে আমি
চিনি তাদের সবার খবর নিচ্ছি
সবাই ঠিক আছে কিনা।

এই ধরনের ঝড়ের সময়,
আমরা একে অপরের
দেখাশোনা করা উচিত।

12



তারা যখন বাড়িতে আসবে তখন প্রস্তুত
থাকার জন্য আমরা কী করতে পারি?

আপনাদের কি পানি আছে?
পানি বন্ধ হয়ে যেতে পারে,
তাই কিছু পানি নিয়ে রাখা ভালো।
আপনাদের কি কোনো খালি
কন্টেইনার আছে?

13



আর আমরা হয়তো বাথটাব
ভরে রাখা উচিত...
ধোয়ামোছা করার জন্য আর
টয়লেট ফ্লশ করার জন্য।

14



আমার দেশে যখনই বড়
কোনো ঝড় আসতো,
আমার মা সবসময় এগুলো
করতেন।



ফ্ল্যাশলাইট আছে?
আর বাড়তি ব্যাটারি?

15



প্রস্তুত থাকলে, সব সময় প্রস্তুতি নিয়ে
রাখলে ভালো ফল পাওয়া যায়।
প্রত্যেকটা ঝড়ই ভিন্ন।

16



এফির গুরুত্বপূর্ণ কিছু মনে পড়েছে।

প্রস্তুতি নেয়া সম্পর্কে আকুর
একটা পুস্তিকা ছিল।
সে এটা স্কুল থেকে নিয়ে
এসেছিল...

17

আগের ঘটনা!

কয়েক মাস আগে...

এটা কী?

18

জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতি নিতে তারা স্কুলে
আমাদেরকে কিছু তথ্য দিয়েছিল...
গো ব্যাগ, মিটিং প্লেস...

একটা গো ব্যাগে,
আপনার দরকার হবে গুরুত্বপূর্ণ কাগজপত্রের কপি,
পরিবারের সদস্য ও বন্ধুদের ফোন নম্বর ও
ঠিকানা, একটা ফ্ল্যাশলাইট,
বোতলে করে পানি...

19

বর্তমানে ফিরে এসে...

আমি খুব খুশি যে আমি একা নই।
আপনাকে ছাড়া কী করতাম আমি জানি না।

21

আমরা সবাই একই নৌকায় আছি,
একসাথে!

22

কোজো ও আলবার্তো ফিরে এসেছে...



সে কোথায়?!
কী ঘটেছে?

সেখানে খুব বেশি বাতাস ও বৃষ্টি ছিল।
গাছ থেকে বড় বড় ডাল ভেঙে পড়ছিল।



চারদিকে সবকিছু উড়ে বেড়াচ্ছিল।
সেখানে অত্যন্ত ভয়ঙ্কর অবস্থা ছিল।



আলবার্তো কোথায়?

এলিভেটরের ভেতরে দু'টি বাক্স আটকা পড়ে
আছে। সুপার সাহায্য নিয়ে আসার আগে এই
মুহুর্তে আলবার্তো তাদের সাথে কথা বলছে।



এলিভেটরের ভেতরে আটকা পড়েছে?
তারা কি জানে না...
জরুরি পরিস্থিতিতে কখনোই
এলিভেটরে চড়তে হয় না!



সাহায্য করার জন্য ইসাবেল দৌড়ে বেরিয়ে গেল।
কোজো এফিকে জড়িয়ে ধরলো।



ঝড় শেষ...



28

গাছগুলো নড়ছে না।
বাতাস থেমে গেছে।

29

রাস্তার সব পানির দিকে দেখ!

...কিন্তু আকু এখনো নিখোঁজ।




দ্রুত অন্ধকার হয়ে যাবে।
আমার মেয়েটা কোথায়???

30

হঠাৎ করে ফোন বেজে উঠলো।
ফোন সার্ভিস ফিরে এসেছে!



31



হ্যালো?
ওহ! কোথায় তুমি?
তুমি ঠিক আছ?

32



33

আকু বাড়িতে ফিরে এসেছে!



34

আকুর বন্ধুর মা তাকে বাড়িতে নিয়ে এসেছেন।



35

আমি নোটিফাই এনওয়াইস থেকে ঝড়ের সতর্কবার্তা পেয়েছিলাম, তাই আমি বাচ্চাদেরকে বাইরে যেতে দিইনি।

তাহলে যখন তুমি শুনেছ যে ঝড় আসছে তখন তুমি আর বিচে যাওয়ার জন্য বের হওনি?



36

ঠিক। আমরা “জায়গাতেই আশ্রয় নিয়েছিলাম,” ঠিক যেভাবে তারা স্থূলে বলেছে।



37

পিকনিক করার জন্য খুব বেশি দেরি হয়ে যায়নি... ঘরের ভেতরে!

আমাদের পিকনিকের কী হবে?

আমরা এখানেই মেঝের উপর একটা কম্বল বিছিয়ে দিতে পারি।



38



39

হ্যাঁ। আকু বাসায় আর আমাদের সব বন্ধুরা এখানেই আছে।



40

আমরা কারা

এফি

আমি পশ্চিম আফ্রিকা থেকে আসা একজন নার্স এবং আমি আকুর মা। একদিন, আমি অফিস থেকে আসার পর আকু আমাকে জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতি নেয়ার একটি গাইড দেখিয়েছিল। সে এটা স্কুল থেকে নিয়ে এসেছিল। এতে গো ব্যাগ, একত্রিত হওয়ার জায়গা এবং আরো অনেক কিছু সম্পর্কে তথ্য আছে।



কোজে

একজন বাবা/মা হিসেবে, আপনি আপনার পরিবারকে নিরাপদে রাখার জন্য সম্ভাব্য সবকিছু করতে চাইবেন। যখন আমি শুনলাম যে বড় ধরনের একটা ঝড় আসছে, তখন আমি আকুর সাথে যোগাযোগ করার চেষ্টা করেছিলাম। কিন্তু সে তার ফোন বাড়িতে রেখে গিয়েছিল। জরুরি পরিস্থিতিতে পরিকল্পনা করার জন্য আপনার পরিবারের সাথে আগে থেকে কথা বলা গুরুত্বপূর্ণ।



আকু

ঝড় আসার আগে, আমি আমার বন্ধুর বাড়িতে ছিলাম। আমার বন্ধুর মা “নোটিফাই এনওয়াইসি” (“Notify NYC”) থেকে একটি টেক্সট মেসেজ পেয়েছিলেন, তাই আমরা বাড়িতে ছিলাম, নিরাপদে ও শুকনো অবস্থায়। আমি অনেক কিছু শিখেছি। আমি শিখেছি যে বাড়িতে ফোন রেখে আসা উচিত নয়। বিনামূল্যে জরুরি পরিস্থিতি সম্পর্কে তথ্য পাওয়ার জন্য কিভাবে “নোটিফাই এনওয়াইসি” (“Notify NYC”)–তে সাইন-আপ করতে হয় সে সম্পর্কে আমি শিখেছি। আমি শিখেছি যে প্রস্তুতি নেয়াটা কতটা গুরুত্বপূর্ণ। আমি আমার পরিবারের সাথে আমার জরুরি পরিকল্পনা সম্পন্ন করতে যাচ্ছি।





ইসাবেল ও আলবার্তো

আমরা এফি ও কোজোর বন্ধু। আমরা পার্কে একটা পিকনিক করার পরিকল্পনা করেছিলাম, কিন্তু একটা বিপজ্জনক ঝড়ের কারণে আমাদের পরিকল্পনা বাধাগ্রস্ত হয়েছিল। আমাদের দেশ দক্ষিণ আমেরিকাতেও জরুরি পরিস্থিতির মুখোমুখি হওয়ার অভিজ্ঞতা আমাদের আছে। আমরা আগে থেকেই যা জানি তা আমরা এই নিউ ইয়র্ক সিটিতেও ব্যবহার করতে পারি।



মিসেস. চেন

আমি এফি, কোজো ও আকুর সাথে একই ভবনে থাকি। ঝড় যখন আঘাত হেনেছিল, তখন আমি আমার প্রতিবেশীদেরকে দেখতে গিয়েছিলাম। আমি একা থাকি, তাই কমিউনিটি আমার কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমার দেশেও জরুরি পরিস্থিতি যেমন ঘূর্ণিঝড় ও ভূমিকম্প মোকাবেলা করার অভিজ্ঞতা আমার আছে। কখনো কখনো, আপনি সবকিছু নিজে নিজে করতে পারবেন না। আমরা সবাই একই নৌকায় আছি, একসাথে!




বন্ধুর মা

কয়েক মাস আগে আমি “নোটিফাই এনওয়াইসি” (“Notify NYC”)—এর জন্য সাইন-আপ করেছিলাম, এবং আমি ইতিমধ্যেই কিছু খুব দরকারি সতর্কবার্তা পেয়েছি। কখনো কখনো, মারাত্মক ঝড় সম্পর্কে সতর্কবার্তা পাঠানো হয়। আমি এই সব সতর্কবার্তার দিকে মনোযোগ দিয়ে থাকি কারণ আমি জানি যে আবহাওয়া কত দ্রুত বদলে যেতে পারে। আমি বিচের কাছাকাছি থাকি। এই জায়গাটি সহজেই বন্যা-কবলিত হতে পারে। আমি খুব আনন্দিত যে আমি এই সতর্কবার্তাটি পেয়েছিলাম, তাই আমি আমার মেয়ে ও আকুকে ঝড় থেকে সুরক্ষিত রাখতে পেরেছিলাম।

আমরা কিভাবে এটা করলাম

ঝড়ের সময় আমরা কী ব্যবস্থা নিয়েছিলাম তা এখানে বলছি।
এই ধারণাগুলো হয়তো আপনাকেও সাহায্য করবে।

- 1 প্রথমে, আমরা তথ্য পেয়েছি। আমরা টিভিতে সতর্কবার্তা শুনেছিলাম, এবং আমরা এর দিকে মনোযোগ দিয়েছিলাম।
- 2 যখন আমি জানতাম না যে আকু কোথায় ছিল, তখন আমার বন্ধুরা আমাকে সাহায্য করেছে। আমার বন্ধুরা সেখানে আমার সাথে থাকায় আমি অত্যন্ত আনন্দিত।
- 3 জরুরি পরিস্থিতিতে আপনার কী কী জিনিসপত্র তৈরি রাখা দরকার সেগুলো সম্পর্কে ইসাবেল, মিসেস. চেন ও আমি আলোচনা করেছি। আমরা আপনার প্রয়োজনীয় সরবরাহ, যেমন ফ্ল্যাশলাইট ও ব্যাটারি, এবং পানি সংরক্ষণের কন্টেইনার সম্পর্কে আলোচনা করেছি।
- 4 পানির পাশাপাশি, বাড়তি খাবার রাখাও গুরুত্বপূর্ণ কারণ আপনি হয়তো কয়েক দিনের জন্য বাইরে বের হওয়ার সুযোগ নাও পেতে পারেন।
- 5 এছাড়াও আপনার বন্ধু-বান্ধব ও পরিবারের সদস্যদের সাথে যোগাযোগের তথ্য, এবং আপনার গুরুত্বপূর্ণ কাগজপত্রগুলোর কপি একটি নিরাপদ জায়গায় রাখা গুরুত্বপূর্ণ।
- 6 যখন মিসেস. চেন, ইসাবেল ও আমি কথা বলছিলাম, তখন *আমার জরুরি পরিকল্পনা* নামক বইটির কথা আমার মনে পড়েছিল যেটি জরুরি পরিস্থিতিতে প্রস্তুতি গ্রহণ সম্পর্কে আকু আমাকে দেখিয়েছিল। সে এটা স্কুল থেকে নিয়ে এসেছিল। আপনার পরিবারকে নিরাপদ রাখতে জরুরি পরিস্থিতির জন্য পরিকল্পনা তৈরি করতে এটা আপনাকে সাহায্য করবে। এতে গো ব্যাগ, একত্রিত হওয়ার জায়গা, এবং নিরাপত্তা পরিকল্পনার আরো অনেক গুরুত্বপূর্ণ অংশ সম্পর্কে দরকারি তথ্য আছে। এই পুস্তিকাগুলোর একটি সংগ্রহ করুন এবং আজই আপনার পরিকল্পনা তৈরি করে ফেলুন! *আমার জরুরি পরিকল্পনা (My Emergency Plan)*—এর একটি কপি পাওয়ার জন্য www.nyc.gov/readyny ওয়েবসাইটে যান অথবা 311-এ ফোন করুন।



আমরা কিভাবে এটা করলাম

নিউ ইয়র্ক সিটির চারদিক পানি দিয়ে ঘেরা। ঝড়ের সময়, সাধারণত বন্যা ও প্রবল বাতাস দেখা দেয়। যখন আবহাওয়া সম্পর্কিত জরুরি পরিস্থিতি দেখা দেয়, তখন প্রস্তুত থাকা এবং কী করতে হবে তা জানা গুরুত্বপূর্ণ। আর এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে আমরা সবাই একই নোঁকায় আছি, একসাথে।



নিউ ইয়র্ক সিটিতে পুচুর মানুষ একা একা বসবাস করে অথবা একা বোধ করে। কিন্তু বেশিরভাগ মানুষ অ্যাপার্টমেন্টে বসবাস করে এবং একটি অ্যাপার্টমেন্ট ভবন একটি কমিউনিটি হয়ে উঠতে পারে। জরুরি পরিস্থিতিতে আপনাকে একা থাকতে হবে না।

জরুরি পরিস্থিতিতে, কখনোই এলিভেটরে (লিফটে) চড়া ঠিক নয় কারণ বিদ্যুৎ চলে যেতে পারে এবং এলিভেটর বন্ধ হয়ে যেতে পারে।



বিদ্যুৎবিভ্রাটের সময়, যখন আমি দেখতে পেয়েছিলাম যে দু'টি শিশু এলিভেটরে আটকা পড়েছিল, তখন সাহায্য করার জন্য সুপার আসার আগ পর্যন্ত আমি তাদের সাথে ছিলাম।



আমি আমার বন্ধুর মায়ের কথা শুনেছিলাম, যিনি “নোটিফাই এনওয়াইসি”-এর সতর্কবার্তা পেয়েছিলেন। সেই কারণেই আমি বিচে যাইনি। তিনি আমাকে বলেছেন যে কিভাবে “নোটিফাই এনওয়াইসি”-এর জন্য সাইন-আপ করতে হয়। আপনাকে www.nyc.gov/NotifyNYC ওয়েবসাইটে যেতে হবে। তাহলে আপনি নিরাপদ থাকার জন্য আপনার প্রয়োজনীয় সতর্কবার্তাগুলো পাবেন।



লক্ষ্য

আপনি জরুরি পরিস্থিতির জন্য একটি পরিকল্পনা তৈরি করতে চান।

1. একটি পরিকল্পনা তৈরি করার জন্য তথ্য সংগ্রহ করুন। www.nyc.gov/readyny ওয়েবসাইটে যান এবং **আমার জরুরি পরিকল্পনা (My Emergency Plan)** গাইডটি ডাউনলোড করুন যা আকু তার মায়ের জন্য বাড়িতে নিয়ে এসেছিল।
2. আপনার পরিবার, একজন বন্ধু, একজন প্রতিবেশী বা একজন পরিচর্যাকারীর সাথে দেখা করুন এবং **আমার জরুরি পরিকল্পনায়** উল্লিখিত পদক্ষেপগুলো একসাথে অনুসরণ করুন।
3. আপনার বাড়ির জন্য একটি জরুরি সরবরাহ কিট তৈরি করুন। আপনার কিটে পোষাপ্রাণী সহ আপনার ও আপনার পরিবারের সবার জন্য তিন দিনের জন্য যথেষ্ট পরিমাণে খাবার ও পানি, একটি ফ্ল্যাশলাইট ও ব্যাটারি, এবং স্বাস্থ্যের জন্য প্রয়োজনীয় সরবরাহ থাকা উচিত।
4. গুরুত্বপূর্ণ কাগজপত্রের কপি, বোতলে করে পানি, একটি ফ্ল্যাশলাইট ও ব্যাটারি, নাস্তা, জামা-কাপড় ও অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র দিয়ে একটি গো ব্যাগ তৈরি করুন।
5. আপনি আপনার পরিবারের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়লে এবং বাড়িতে যাওয়া নিরাপদ না হলে আপনারা একত্রিত হওয়ার জন্য দু'টি মিটিং প্লেস ঠিক করে রাখুন: একটি মিটিং প্লেস হবে আপনার বাড়ির কাছাকাছি জায়গায় এবং আরেকটি মিটিং প্লেস হবে ভিন্ন একটি মহল্লায়, যদি আপনার মহল্লা নিরাপদ না হয়।

লক্ষ্য

জরুরি পরিস্থিতির জন্য
তৈরি হতে আপনি
আপনার কমিউনিটিকে
সাহায্য করতে চান।

1. আমার জরুরি পরিকল্পনা (*My Emergency Plan*) পুস্তিকাটি আপনার সহকর্মী, বন্ধু-বান্ধব, ও প্রতিবেশীদেরকে দেখান। তারা কিভাবে একটি পুস্তিকা পেতে পারে তা তাদেরকে বলুন। (www.nyc.gov/readyny ওয়েবসাইটে যান অথবা 311-এ ফোন করুন।)
2. আপনার কমিউনিটি বা ভবনে থাকা এমন লোকজনের কথা চিন্তা করুন যাদের জরুরি পরিস্থিতিতে বাড়তি সাহায্যের দরকার হতে পারে - যেমন বয়স্ক ব্যক্তি অথবা যে সব ব্যক্তিদের হুইলচেয়ারের দরকার হয়। তাদের সাথে আগে থেকে কথা বলে রাখুন। তাদেরকে জিজ্ঞেস করুন যে আপনি কিভাবে সাহায্য করতে পারেন। একসাথে একটি পরিকল্পনা তৈরি করুন।
3. আপনার জরুরি সহায়তা নেটওয়ার্কে থাকার জন্য কমপক্ষে দু'জন ব্যক্তিকে বলুন - পরিবারের সদস্য, বন্ধু, প্রতিবেশী, পরিচর্যাকারী, সহকর্মী বা কমিউনিটি গ্রুপের সদস্যদেরকে। জরুরি পরিস্থিতিতে আপনারা একে অপরের উপর নির্ভর করতে পারেন।
4. জরুরি পরিস্থিতির জন্য তৈরি হতে আপনার কমিউনিটিকে সাহায্য করার জন্য স্বেচ্ছাসেবার সুযোগ পেতে চাইলে 311-এ ফোন করুন।
5. নিউ ইয়র্ক সিটিজেন কর্পস-এ যোগ দিন - এটি হলো কমিউনিটির নেতৃত্ব ও স্বেচ্ছাসেবকদের একটি গ্রুপ। আরো জানার জন্য www.nyc.gov/citizencorps ওয়েবসাইটে যান অথবা 311-এ ফোন করুন।

আপনি কী বলতে পারেন

একটি পরিকল্পনা তৈরি করা সম্পর্কে যখন আপনি আপনার পরিবার, বন্ধু বা প্রতিবেশীদের সাথে কথা বলবেন, তখন একে অপরকে জিজ্ঞেস করুন:

- জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতি নিতে আপনি কী করেন?
- আপনার বাড়িতে কি জরুরি সরবরাহ কিট আছে? জরুরি পরিস্থিতির জন্য আপনি আপনার বাড়িতে কী কী খাবার ও অন্যান্য সরবরাহ রাখেন?
- আপনার কি গো ব্যাগ আছে? আপনার গো-ব্যাগে কী কী আছে? আপনি এটা কোথায় রাখেন?
- জরুরি পরিস্থিতিতে আপনি আলাদা হয়ে গেলে আপনার পরিবারের সাথে একত্রিত হওয়ার জন্য একটা ভালো মিটিং প্লেস কোথায় হতে পারে? বাড়ি নিরাপদ না হলে বাড়ির কাছাকাছি একটা ভালো জায়গা কোথায় হতে পারে? আরেকটি মহল্লায় একটা ভালো মিটিং প্লেস কোথায় হতে পারে?
- আপনি বাড়িতে থাকতে না পারলে এবং থাকার জন্য আপনার একটা নিরাপদ জায়গার দরকার হলে আপনি কাকে ফোন করতে পারেন? তাদের ফোন নম্বরগুলো কী কী? তাদের ঠিকানাগুলো কী কী?
- আপনার বাড়ির সবার কাছে কি বাড়ির প্রত্যেকের এবং জরুরি পরিস্থিতিতে আপনাদের যোগাযোগ করার দরকার হতে পারে এমন ব্যক্তিদের সাথে যোগাযোগের তথ্য আছে?

যখন আপনি তথ্যের জন্য 311-এ ফোন করবেন, আপনি বলতে পারেন:

- আমি একটি পরিকল্পনা তৈরি করতে চাই যাতে আমার পরিবার ও আমি জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুত হতে পারি। আপনি কি দয়া করে আমাকে রেডি নিউ ইয়র্ক: মাই ইমার্জেন্সি প্ল্যান-এর একটি কপি পাঠাবেন?
- আমি _____ (জায়গার নাম)-এ থাকি। আপনি কি আমাকে বলতে পারেন যে আমার মহল্লা হারিকেন ইভ্যাকুয়েশন জোনের মধ্যে পড়েছে কিনা?
- সবচেয়ে কাছাকাছি অবস্থিত হারিকেন ইভ্যাকুয়েশন সেন্টারের ঠিকানা কী?
- জরুরি পরিস্থিতির জন্য তৈরি হতে আমার কমিউনিটিকে সাহায্য করার জন্য আমি স্বেচ্ছাসেবা দিতে চাই। আমি কী করতে পারি?

যে কোনো জরুরি পরিস্থিতিতে আপনার তাৎক্ষণিক সাহায্যের প্রয়োজন হলে 911-এ ফোন করুন। যদি আপনার জীবন বিপদের সম্মুখীন না হয় এবং জরুরি পরিস্থিতিতে কী করতে হবে ও কোথায় যেতে হবে সে সম্পর্কে আপনার তথ্যের দরকার হয় তাহলে 311-এ ফোন করুন।

311 ও 911
আপনার ভাষায় কথা বলে।
দিনে 24 ঘন্টা।

তৈরি হোন

প্রস্তুত থাকুন

জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতি নিতে, আপনার তিনটি জিনিস দরকার: তথ্য, সরবরাহ ও একটি জরুরি পরিকল্পনা।

গো ব্যাগ

যদি আপনাকে তাড়াহুড়া করে আপনার বাড়ি ছেড়ে অন্য কোথায় যেতে হয় তাহলে আপনার দরকার হবে এমন জিনিসপত্রের একটি ব্যাগ।

কোন পাঁচটি জিনিস আপনার গো ব্যাগে রাখা গুরুত্বপূর্ণ?

মিটিং প্লেস বা একত্রিত হওয়ার জায়গা

পরিবারের সদস্যরা আলাদা হয়ে পড়লে আপনারা একত্রিত হওয়ার জন্য একটি জায়গা

আপনার পরিবারের একত্রিত হওয়ার জন্য দু'টি ভালো মিটিং প্লেস কী হতে পারে? (একটি হবে আপনার বাড়ির কাছাকাছি জায়গায় এবং আরেকটি হবে ভিন্ন আরেকটি মহল্লায়)

নোটিফাই এনওয়াইসি (Notify NYC)

নিউ ইয়র্ক সিটিতে ইমেইল বা টেক্সট মেসেজের মাধ্যমে সতর্কবার্তা পাওয়ার জন্য একটি ব্যবস্থা

নোটিফাই এনওয়াইসি-এর জন্য সাইন-আপ করুন যাতে আপনাকে প্রভাবিত করতে পারে এমন জরুরি পরিস্থিতি সম্পর্কে আপনি সতর্কবার্তা পেতে পারেন।

বর্তমান অবস্থানের জায়গায় আশ্রয় গ্রহণ

জরুরি পরিস্থিতিতে আপনি যেখানে আছেন সেখানেই থাকুন

কিছু কিছু জরুরি পরিস্থিতিতে, আপনাকে বলা হবে “শেল্টার ইন প্লেস” - অর্থাৎ আপনি যেখানে আছেন সেখানেই থাকুন।

ইভ্যাকুয়েট বা স্থানত্যাগ করা

জরুরি পরিস্থিতিতে একটি বিপজ্জনক বা ঝুঁকিপূর্ণ জায়গা ছেড়ে চলে যাওয়া

আপনি যেখানে আছেন সেই জায়গায় থাকাটা যদি নিরাপদ না হয়, তাহলে আপনার স্থানত্যাগ করার দরকার হতে পারে, এবং যাওয়ার জন্য একটা নিরাপদ জায়গার পরিকল্পনা করে রাখা ভালো।

নিউ ইয়র্ক সিটি অফিস অব ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (ওইএম)

নিউ ইয়র্ক সিটির সরকারি বিভাগ যা মানুষকে জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতি নিতে সাহায্য করে

বিভিন্ন ধরনের জরুরি পরিস্থিতির জন্য তথ্য পেতে ওইএম-এর www.nyc.gov/readyny ওয়েবসাইটে যান, এসব জরুরি পরিস্থিতির মধ্যে রয়েছে: ঘূর্ণিঝড়, স্বাস্থ্য সম্পর্কিত জরুরি অবস্থা, অগ্নিকাণ্ড ও অন্যান্য পরিস্থিতি।

WE ARE NEW YORK

আমাদের গল্পগুলোর মাধ্যমে ইংরেজি শিখুন

টিভিতে দশটি পর্বের সবগুলোই দেখুন।

স্টাডি গাইডগুলো পড়ুন।

আপনার ইংরেজি চর্চা করুন।



স্টাডি গাইডগুলো ডাউনলোড করার জন্য এবং একটি

আলোচনা দলের সাথে যোগ দেয়ার জন্য দেখুন

www.nyc.gov/LearnEnglish

NYC

Office of Emergency
Management

Mayor's Office of
Immigrant Affairs

CUNY The City
University
of
New York

